কালের কণ্ঠ

তারিখ ... 14 MAY 2015
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

জাবিতে যৌন নিপীড়ন

# ঘণ্টাব্যাপী প্রশাসনিক ভবন অবরোধ

জাবি প্রতিনিধি ▷

পহেলা বৈশাখে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে যৌন নিপীড়নের ঘটনায় জড়িতদের দ্রুত বিচার দাবিতে প্রশাসনিক ভবন অবরুদ্ধ করেছে শিক্ষার্থীরা। এ সময় উপাচার্যসহ প্রশাসনিক কর্মকর্তা-কর্মচারীরা অবরুদ্ধ হয়ে পড়েন।

গতকাল বুধবার সকাল ১১টার দিকে 'নিপীড়নের বিরুদ্ধে জাহাঙ্গীরনগর' ব্যানারে শিক্ষার্থীরা এ অবরোধ করে। দুপুর ১২টার দিকে অফিস থেকে নেমে আন্দোলরত শিক্ষার্থীদের সঙ্গে দেখা করে আগামী ২৩ মে সিন্ডিকেট সভায় এর বিচারকাজ সম্পন্ন করার আশ্বাস দেন উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম। পরে শিক্ষার্থীরা তাদের অবরোধ কর্মসূচি তুলে নেয়।

যৌন নিপীড়নের ঘটনা প্রসঙ্গে উপাচার্য বলেন, বিষয়টি বর্তমানে তদন্তাধীন। এ-সংক্রান্ত রিপোর্টের আলোকে বিচারকাজ সম্পন্ন করা হবে। যৌন নিপীড়কদের শাস্তি দিতে প্রশাসন বদ্ধপরিকর বলেও উল্লেখ করেন তিনি।

প্রসঙ্গত, পহেলা বৈশাখে হলে ফেরার পথে ছাত্রলীগের নেতাকর্মীদের হাতে যৌন নিপীড়নের শিকার হন বিশ্ববিদ্যালয়ের ৪৩তম ব্যাচের এক ছাত্রী। ওই ঘটনায় ছাত্রলীগ থেকে পাঁচজন ও বিশ্ববিদ্যালয় থেকে আটজনকে সাময়িক বহিষ্কার করা হয়।

এদিকে যৌন নিপীড়নের ঘটনার বিচার, আন্দোলনকারী শিক্ষার্থীদের ওপর হামলা, গ্রেপ্তারের প্রতিবাদ ও হামলাকারীদের দ্রুত বিচারের দাবিতে গত মঙ্গলবার সর্বাত্মক ছাত্রধর্মঘট পালন করে 'নিপীড়নের বিরুদ্ধে জাহাঙ্গীরনগর'। একই দাবিতে গত মঙ্গলবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের প্রান্তিক গেট থেকে মশাল মিছিল বের করা হয়। বর্তমানে ঘটনাটি যৌন নিপীড়নবিরোধী সেলে তদন্তাধীন।